উপজেলা পরিষদ
বিশ্বনাথ, সিলেট

উপজেলা পরিষদের অক্টোবর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নুনু মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
সভার স্থান ঃ বিআরডিবি হলরুম, বিশ্বনাথ, সিলেট
সভার তারিখ ঃ ২১-১০-২০২১ খ্রি., সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

বিশ্বনাথ উপজেলা পরিষদের অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার বিশ্বনাথ, সিলেট'কে অনুরোধ জানান।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরুপ ঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে, কোন আপত্তি/সংশোধন নেই।	কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ
০২	সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা	বিভিন্ন দপ্তর কর্তৃক কোন সার্কুলার পাওয়া যায়নি।	-------	সংশ্লিষ্ট সকল
০৩	উপজেলার স্থায়ী কমিটি সমূহের সুপারিশ	উপজেলার স্থায়ী কমিটি সমূহের কোন সুপারিশ পাওয়া যায় নি।	উপজেলার স্থায়ী কমিটি সমূহের সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে সুপারিশ পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল
০৪	সংসদ সদস্য মহোদয়ের উপদেশ	মাননীয় সংসদ সদস্য মহোদয় উপস্থিত না থাকায় কোন উপদেশ পাওয়া যায়নি।	------	-----
০৫	কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান মাঠে আমন ধানের সার্বিক অবস্থা ভাল। বর্তমানে ৩% সর্বোচ্চ কুশি, ৪৫% পি.আই, ২৭% ফুল ও ২৫% ফসট ভাফ অবস্থায় রয়েছে। মাঠে কিছু পরিমাণে পাতা মোড়ানো পোকা দেখা যাচ্ছে তবে তা নিয়ন্ত্রিত অবস্থায় রয়েছে। লামাকাজী বাজারের সন্নিকটে সোলার শক্তি ও পানি সাশ্রয়ী প্রকল্পের আওতায় বাস্তবায়িত সোলার প্যানেলের মাধ্যমে এলএলপি বাস্তবায়িত হয়। গত ১১/১০/২০২১ খ্রিঃ তারিখে উক্ত প্রকল্পের ০৪ টি ১০ মিটারের পাইপ চুরি হয়। তিনি এই বিষয়ে আইনগত সহযোগিতা কামনা করেন।	চুরিরোধে থানা পুলিশ ব্যবস্থা নিবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ ০২। অফিসার ইনচার্জ বিশ্বনাথ থানা
০৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান গবাদি পশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের তুলনায় ২০২১-২০২২ অর্থ বছরের গবাদি পশুর টিকা বিনামূল্যে প্রদানের লক্ষ্যে এডিপি হতে পর্যাপ্ত বরাদ্দ প্রদানের জন্য তিনি সভায় অনুরোধ জানান। জাইকা থেকে ভেজা খড় সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণের জন্য ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা অনুমোদন হয়েছে মর্মে তিনি জানান।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ

	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, এলজিইডি অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভাকে আরও জানান চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ এর উদ্যোগে এ উপজেলার নতুন ২৮ টি রাস্তার উন্নয়ন কাজ বরাদ্দ এসেছে। এর জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ এর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান তার দপ্তর কর্তৃক সেপ্টেম্বর/২০২১ মাসে সি,এ,আর ৭৫.৩৬%, আইইউডি ১২, ইমপ্ল্যান্ট ৬৮, স্থায়ী পদ্ধতি ২০ জনকে জনকে প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পকিল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ
০৯	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিন আরও জানান ২০২১-২০২২ অর্থবছরে হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন, ও হাইজিন ব্যবস্থায় উন্নয়ন প্রকল্প এর আওতায় ৭৮ টি গভীর নলকূপ ০৬ টি ইম্প্রুভ ল্যাটিন ও ০৬ টি টু-পিট ল্যাট্রিনের বরাদ্দ পাওয়া গেছে। যার মধ্যে ৫০% স্থান নির্বাচন করবেন মাননীয় সংসদ সদস্য ও বাকী ৫০% ইউনিয়ন ওয়াটশন কমিটি হতে প্রাপ্ত তালিকা উপজেলা ওয়াটশন কমিটির মাধ্যমে চূড়ান্ত অনুমোদন হবে। পরিপত্র অনুযায়ী দ্রুত তালিকা চূড়ান্ত করতে পারলে দাপ্তরিক কাজ বেগমান করতে সহায়ক হবে।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ
১০	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান উপজেলার ৩২ টি স্কুল ও কলেজ, ১৬ টি মাদ্রাসা ও ০৩ টি কলেজসহ সর্বমোট ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানের ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের লক্ষ্যে তালিকা সংগ্রহ করা হচ্ছে। তাছাড়া ব্যানবেইসের ই-সার্ভে এবং ইউনিক আইডির কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ট-১২শ শ্রেণির মেয়ে শিক্ষার্থীদের আয়রন ফোলিক এসিড ট্যাবলেট সেবনের জন্য ২,০০০০০/- (দুই লক্ষ) ট্যাবলেট বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। আগামী ২৩-২৯ অক্টোবর-২০২১ ক্ষুদে ডাক্তার এর মাধ্যমে ১ম-১০ম শ্রেণির সকল শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা এবং ৩০ অক্টোবর-২০২১ হতে ০৫ নভেম্বর-২০২১ পর্যন্ত কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ উপলক্ষে শিক্ষার্থীদের কৃমিনাশক ট্যাবলেট সেবনের জন্য প্রদান করা হবে।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ
১১	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান তিনি দায়িত্ব গ্রহণের পরই জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ এর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন এবং পোনা মাছ অবমুক্তকরণের কাজ সম্পন্ন করা হয়েছে। এতে সক্রিয় এবং আন্তরিক ভাবে সহযোগিতা করার জন্য তিনি উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বিশ্বনাথ উপজেলায় মৎস্য চাষীদের উন্নত সেবা প্রদানের জন্য পুকুরের মাটি এবং পানির গুণগতমান পরীক্ষা করা জরুরী বিধায় এর জন্য একটি কীট বক্স অত্যন্ত প্রয়োজন। তাই একটি কীট বক্সসহ পরীক্ষার প্রয়োজনীয় উপকরণ ক্রয়ের জন্য এডিপি অথবা উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বিশ্বনাথ
১২	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ
১৩	পত্রিকার বিল	১৪২৮ বাংলা সনের হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি বিল দৈনিক উত্তরপূর্ব পত্রিকা কর্তৃক ২৯,৯৪৬/- (উনত্রিশ হাজার নয়শত ছেচল্লিশ) টাকার বিল দাখিল করা হয়েছে। উক্ত বিল প্রদানের জন্য উপজেলা পরিষদের অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	উক্ত বিল প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ

	আয়-ব্যয় হিসাব	উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ে আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা খরচ হয়েছে। উপজেলা আইন শৃংখলা কমিটির সভার মে ২০২১ হতে আগষ্ট ২০২১ মাস পর্যন্ত ০৪ (চার) মাসের আপ্যায়ন বিল বাবদ ১৯,৯৫০/- (উনিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা পরিশোধ করা প্রয়োজন।	উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধিত/ দাখিলকৃত উক্ত বিলগুলি অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

21/10/2021

(মোঃ নুনু মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিশ্বনাথ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
বিশ্বনাথ, সিলেট

স্মারক নং- ০৫.৪৬.৯১২০.০০২.০৩.০১৯-৭২৯ তারিখ ঃ ২১-১০-২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১. মাননীয় সংসদ সদস্য, সিলেট-২
০২. সিনিয়রসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ পরিচালক, স্থানীয় সরকার শাখা, সিলেট
০৭. নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি, সিলেট
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
০৯. জনাব .....ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১০. উপজেলা.....কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট
১১. চেয়ারম্যান,লামাকাজী/খাজাঞ্চী/অলংকারী/রামপাশা/দৌলতপুর/বিশ্বনাথ/দেওকলস/দশঘর ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১২-১৪। জনাব ..... সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট

উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বনাথ, সিলেট
ফোন০৮২২৪-৫৬০৬৯

২১/১০/২১

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবী
০১	জনাব মোঃ হাবিবুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিশ্বনাথ, সিলেট
০২	জনাব ডাঃ মোহাম্মদ আব্দুস শহিদ হোসেন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ
০৩	জনাব মোঃ ছয়ফুল হক, চেয়ারম্যান, ০৬নং বিশ্বনাথ ইউ. পি, বিশ্বনাথ
০৪	জনাব কবির হোসেন খলা মিয়া, চেয়ারম্যান, ০১নং লামাকাজি ইউ.পি, বিশ্বনাথ
০৫	জনাব নাজমুল ইসলাম রুহেল, চেয়ারম্যান, ০৩নং অলংকারী ইউ. পি, বিশ্বাথ
০৬	জনাব মোহাম্মদ আলমগীর, চেয়ারম্যান, ০৪ নং রামপাশা ইউ. পি, বিশ্বনাথ
০৭	জনাব এমাদ উদ্দিন খান, চেয়ারম্যান, ০৮নং দশঘর ইউ.পি, বিশ্বনাথ
০৮	জনাব খায়রুল আমিন আজাদ, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ০৭ নং দেওকলস ইউ. পি, বিশ্বনাথ
০৯	জনাব মোঃ গোলাম সারওয়ার, উপজেলা নির্বাচন অফিসার, বিশ্বনাথ
১০	জনাব কনক চন্দ্র রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ
১১	জনাব মোহাম্মদ আশরাফুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিশ্বনাথ
১২	জনাব মোঃ আবু সাঈদ, প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
১৩	জনাব মোঃ আবু তাহের চৌধুরী, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বিশ্বনাথ
১৪	জনাব কিশোরী মোহন মন্ডল, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিশ্বনাথ
১৫	জনাব মোঃ মাহবুব আলম সরকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ
১৬	জনাব কৃষ্ণা রানী তালুকদার, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বনাথ
১৭	জনাব সমীর কান্তি দেব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ
১৮	জনাব বিধান রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ
১৯	জনাব সঞ্জিত চন্দ্র সরকার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ
২০	জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিশ্বনাথ
২১	জনাব মোঃ গিয়াস উদ্দিন, চেয়ারম্যান, ০২ নং খাজাঞ্চী ইউ. পি, বিশ্বনাথ

উপজেলা পরিষদ বিশ্বনাথ সিলেট এর অক্টোবর-২০২১ খ্রিঃ মাসের সাধারণ সভার উপস্থিতিঃ- সভাপতি - জনাব মোঃ নুনু মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিশ্বনাথ, সিলেট, তাং-২৭/১০/২০২১ খ্রিঃ- সময়ঃ - সকাল ১১:৩০মি

	নাম	পদবী	স্বাক্ষর
০১	মোঃ হাবিবুর রহমান	ভাইস চেয়ারম্যান	
০২	ডা. খোরশেদুল আলম তালুকদার রাহিদ হোসেন	ULO, বিশ্বনাথ	
০৩	মোঃ ছইফুলহিক	চেয়ারম্যান	
০৪		(চেয়ারম্যান)	
০৫	মোঃ কামরুজ্জামান		
০৬	নওয়াজুল ইসলাম ফাহিল	চেয়ারম্যান ও নং তালুকদার	
০৭	মোহাম্মদ আলমগীর	চেয়ারম্যান বাসভবন	
০৮	প্রসাদ ভাদুরি খান	চেয়ারম্যান পরিষদ	
০৯	ফয়েজুল আমিন আজাদ	চেয়ারম্যান প্রেজেন্টেশন এবং	
১০	মোঃ গোলাম রাব্বানী	উপজেলা নির্বাহী কর্মকর্তা	
১১	কনক চন্দ্র রায়	উপজেলা কৃষি কর্মকর্তা	
১২	মোহাম্মদ আশরাফুল ইসলাম	উপজেলা সমাজসেবা অফিসার	
১৩	মোঃ. আবু সাঈদ	উপজেলা প্রকৌশলী	
১৪	মোঃ আবু তাহের চৌধুরী	উপজেলা মৎস্য কর্মকর্তা (অবঃ)	
১৫	বিশ্বজিৎ দেবনাথ রুদ্র	ও সহকারী কমিশনার (ভূমি) বিশ্বনাথ	
১৬	মোঃ মাহবুব আলম সরকার	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১৭	কৃষ্ণা রানী তালুকদার	আলোচনা সমবায় অফিসার	
১৮	সমীর কান্তি সেন	উপজেলা মাঠ পর্যায় সিনিয়র সহকারী অফিসার	
১৯	বিপ্লব রায়	উপজেলা পরিষদ কার্যালয়ের কার্যালয়	
২০	অজিত চন্দ্র অধিকার	উপ-সহকারী প্রকৌশলী (তথ্য)	
২১	ঝিনিক কান্তি রায়	উপজেলা বিশেষ শিক্ষা প্রশিক্ষণ কর্মকর্তা	
২২	তালুকদার তিয়াস উদ্দিন	চেয়ারম্যান আওয়ামী	
২৩	[illegible]	[illegible]	